

WE ARE  
MACMILLAN.  
CANCER SUPPORT

'আমার জিহ্বার  
নিচে ক্ষত দেখতে  
পেয়েছিলাম।

যখন এটা ভালো হচ্ছিল না,  
আমি একজন জিপি'র কাছে  
গিয়েছিলাম।'

Christine



## মুখের ক্যান্সারের লক্ষণসমূহ

যুক্তরাজ্যে প্রতি বছর 6,400 জনেরও বেশি ব্যক্তি মুখের ক্যান্সারে আক্রান্ত হয়। পুরুষদের মধ্যে এবং 50 বছরের বেশি বয়সী ব্যক্তিদের মধ্যে এটি বেশি দেখা যায়। ধূমপান, আলকোহল গ্রহণ এবং পান বা তামাক চিবালে আপনার মুখের ক্যান্সার হওয়ার ঝুঁকি বেড়ে যাবে।

কোন পরিবর্তনগুলোর দিকে খেয়াল রাখতে হবে এবং কখন আপনার ডেন্টিস্ট বা ডাক্তারকে দেখাতে হবে তা জানাটা সত্যিকারের পরিবর্তন আনতে পারে। আপনার লক্ষণ দেখা দিলে ভয় পাবেন না - সেগুলো পরীক্ষা করিয়ে নিন।

আপনার এই সব লক্ষণগুলোর মধ্যে কোনোটি তিন সপ্তাহ বা আরো বেশি সময় ধরে থাকলে আপনার ডেন্টিস্ট বা ডাক্তারকে দেখান:

- মুখের ভেতরে ঘা যা ভালো হচ্ছে না।
- আপনার মুখের ভেতরে লাল বা সাদা দাগ।
- জিহ্বা, মুখ বা গলায় ব্যথা যা ভালো হচ্ছে না।
- আপনার মুখে বা গলায় ফোলা বা পিণ্ড।
- গলা ভেঙে যাওয়া বা কণ্ঠস্বরে অন্যান্য পরিবর্তন।
- গিলতে বা চিবাতে অসুবিধা হওয়া।
- আপনার গলার ভেতরে কোনো কিছু আটকে আছে বলে মনে হওয়া।
- আপনার জিহ্বায় অথবা মুখের আরেকটি জায়গায় অনুভূতি না পাওয়া।

- কোনো কারণ ছাড়াই এক বা একাধিক দাঁত নড়বড়ে হয়ে যাওয়া।

প্রায় সময়েই ক্যান্সার ছাড়া অন্য কারণে এই লক্ষণগুলো দেখা দিয়ে থাকে। কিন্তু নিজেই নিজের রোগ নির্ণয় করার চেষ্টা করবেন না - এগুলো পরীক্ষা করিয়ে নিন। যদি আপনার ক্যান্সার থাকে, তাহলে এটা যত আগে ধরা পড়বে, সফলভাবে চিকিৎসা করানোর সম্ভাবনাও তত বেশি থাকবে।

আপনার লক্ষণগুলো পরীক্ষা করানোর মাধ্যমে আপনি আপনার ডেন্টিস্ট বা ডাক্তারের সময় নষ্ট করছেন না।

মুখের ক্যান্সার যত আগে ধরা পড়বে, এর নিরাময়ের সম্ভাবনা তত বেড়ে যাবে।

যদি আপনার সহায়তার প্রয়োজন হয় অথবা শুধু কথা বলার জন্য কাউকে চান, তাহলে ম্যাকমিলান-এর সাথে বিনামূল্যে **0808 808 00 00** নম্বরে কথা বলুন অথবা দেখুন **macmillan.org.uk**

© ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, জুলাই 2014. 1<sup>ম</sup> সংস্করণ। MAC13693\_MOUTH\_BENGALI. পরবর্তী পর্যালোচনার জন্য পরিকল্পিত সময়সূচি: 2017. ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, ইংল্যান্ড ও ওয়েলস (261017), স্কটল্যান্ড, (SC039907) এবং আয়েল অব ম্যান (604)-এ নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান। টেকসই সামগ্রী ব্যবহার করে মুদ্রিত। অনুগ্রহ করে রিসাইকেল করুন।

